গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।
www.masscommunication.gov.bd

নং ১৫.৫৬.২৬৬৬.০০২.১৬.৯৫.১৫-(পার্ট-১)/ ৩৫৬২ তারিখ ঃ ২০.১০.২০১৯

বিষয় ঃ **তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত অক্টোবর-২০১৯ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।**

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যান্ডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্ববোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকান্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকাণ্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে অক্টোবর-২০১৯ (১ম পক্ষ) মাসের **'জনমত'** প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযোজনী ঃ প্রতিবেদন এক প্রস্থ।

২০.১০.১৯

(মোঃ জাকির হোসেন)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন ৮৩৯২২৯৬।
dgmasscommunication@yahoo.com

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণঃ

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর ঢাকা। (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

# অক্টোবর-২০১৯ (১ম পক্ষ)

- **জনমত শিরোনাম**

— সাম্প্রদায়িক সম্প্রীতি ও আনন্দ-উৎসবের মধ্য দিয়ে শারদীয় দুর্গোৎসব উদ্‌যাপিত

— পেঁয়াজসহ নিত্যপণ্যের মূল্য বৃদ্ধি পাওয়ায় তা নিয়ন্ত্রণে রাখার জন্য জোর দাবি জানিয়েছেন জনসাধারণ

— শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখতে সরকারের গৃহীত পদক্ষেপে জনসাধারণের সন্তোষ প্রকাশ

— রাজধানীতে গণপরিবহণে বেশি ভাড়া আদায় এড়াতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার আশাবাদ ব্যক্ত জনসাধারণের

চলমান পাতা - ২

Shumb

## সাম্প্রদায়িক সম্প্রীতি ও আনন্দ-উৎসবের মধ্য দিয়ে শারদীয় দুর্গোৎসব উদ্‌যাপিত

● সনাতন ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব-সার্বজনীন দুর্গাপূজা সারাদেশে ব্যাপক আনন্দ-উৎসবের মধ্য দিয়ে উদ্‌যাপিত হয়েছে। পাঁচদিন ধরে চলমান দুর্গোৎসব শেষ হয় বিজয়া দশমী তথা বিসর্জনের মধ্য দিয়ে।

● শারদীয় দুর্গাপূজা উপলক্ষে এবারও সারাদেশে উল্লেখযোগ্য সংখ্যক পূজামন্ডপ স্হাপন করা হয় বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে। এসব মন্ডপে শান্তিপূর্ণভাবে পূজা-অর্চনার লক্ষ্যে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক গৃহীত কঠোর নিরাপত্তা ব্যবস্হা সর্বমহলে প্রশংসিত হয়েছে।

● দুর্গোৎসব উদ্‌যাপনের লক্ষ্যে সরকারের বিভিন্ন পদক্ষেপে সনাতন ধর্মাবলম্বীগণ সাড়ম্বরে পূজা উদ্‌যাপন করতে পারায় সন্তোষ প্রকাশ করেছে। দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি সমুন্নত রাখার প্রত্যয়ের মধ্য দিয়ে ঐতিহ্যবাহী দুর্গোৎসব উদ্‌যাপিত হয়েছে বলে জনমতে প্রকাশ।

## পেঁয়াজসহ নিত্যপণ্যের মূল্য বৃদ্ধি পাওয়ায় তা নিয়ন্ত্রণে রাখার জন্য জোর দাবি জানিয়েছেন জনসাধারণ

● পেঁয়াজসহ নিত্যপণ্যের দাম বৃদ্ধি পেয়েছে। ক্রেতাদের অভিযোগ, অসাধু ব্যবসায়ীরা বিভিন্ন ধরনের নিত্যপণ্যের দাম বাড়িয়ে অতিরিক্ত মুনাফা করছে। এ অবস্থা নিরসনে দ্রুত পদক্ষেপ গ্রহণ এবং নিয়মিত বাজার মনিটরিং করার দাবি জানিয়েছে সাধারণ জনগণ।

Shuvb

চলমান পাতা-৩

## ☐ শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখতে সরকারের গৃহীত পদক্ষেপে জনসাধারণের সন্তোষ প্রকাশ

- সনাতন ধর্মাবলম্বীদের সর্ববৃহৎ উৎসব শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে দেশব্যাপী পুলিশ প্রশাসন ও জেলা প্রশাসন ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। উৎসব যাতে সার্বজনীন রূপ লাভ করে সে লক্ষ্যে প্রশাসন কাজ করেছে। উৎসবকে সামনে রেখে ঘরমুখী মানুষের যাতায়াতে জনভোগান্তি হ্রাসে বাস ও লঞ্চ টার্মিনাল এবং ট্রেন স্টেশনে আইনশৃঙ্খলা বাহিনীর সার্বক্ষণিক উপস্থিতিতে যাত্রীসাধারণ স্বস্তি প্রকাশ করেছে বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে।

## ☐ রাজধানীতে গণপরিবহণে বেশি ভাড়া আদায় এড়াতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার আশাবাদ ব্যক্ত জনসাধারণের

- রাজধানীতে প্রায় সবধরণের গণপরিবহণে বেশি ভাড়া আদায়, নিয়মমাফিক না চলা, যাত্রীদের জন্য ন্যূনতম সুবিধা না থাকা, সিটিং গাড়িতে অতিরিক্ত যাত্রী নেওয়া, প্রতিযোগিতামূলকভাবে চলতে গিয়ে যাত্রীদের জান-মালের ক্ষতি সাধন ইত্যাদি অনিয়মে যাত্রী সাধারণ অতিষ্ঠ। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে বলে জনগণ প্রত্যাশা ব্যক্ত করেছে।

---

তৈয়ব/হাছিনা/শুকলা/রীনা/প্রতিমা

Shuklo
২৬/১০/২০১৯

শুকলা বনিক
তথ্য ও ডকুমেন্টেশন অফিসার (অ.দা.)
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার